

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি

৩০ জুন ২০১৬, বৃহস্পতিবার

আজ বৃহস্পতিবার ৩০ জুন ২০১৬ তারিখে “Low Income Community Housing Support Project”-এ অর্থায়নের জন্য ৫০ মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি বাংলাদেশ সরকার এবং বিশ্ব ব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব কাজী শফিকুল আয়ম এবং আইডিএ’র পক্ষে বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের Mr. Zahid Hossain, Acting Country Director উক্ত ঋণ-চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের এবং বিশ্ব ব্যাংক ঢাকা অফিসের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। প্রকল্পটির উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ হ'ল গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা হ'ল জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন। প্রকল্পটির প্রার্কলিত মোট ব্যয় ধরা হয়েছে ৫৭.৫ মিলিয়ন মার্কিন ডলার। তন্মধ্যে, বিশ্বব্যাংক ৫০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। অবশিষ্ট ৭.৫ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশ সরকার বহন করবে। প্রকল্পটি ০১ এপ্রিল ২০১৬ হতে ৩১ মার্চ ২০২০ মেয়াদে বাস্তবায়িত হবে। প্রকল্পটির উদ্দেশ্য হ'ল প্রকল্পভুক্ত পৌরসভার/নগর এলাকার নির্ধারিত নিয়ন্ত্রণ আয়ের মানুষের জীবনমান এবং অনানুষ্ঠানিক সেটেলমেন্টের মান উন্নয়ন।

৩। প্রকল্পটি মোট ৫টি কম্পোনেন্ট এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে:

- **Community Mobilization and Planning:** এ কম্পোনেন্টের আওতায় প্রকল্প এলাকায় বসবাসরত কমিউনিটির আন্তঃসম্পর্ক বৃদ্ধি ও পরিকল্পনা, পরিবেশ এবং সামাজিক ব্যবস্থাপনায় সহায়তা প্রদান করা হবে।
- **Urban Community Improvement and Upgrading:** প্রকল্প এলাকার অর্বকাঠামো এবং সেবাসমূহ উন্নয়নে বিভিন্ন খাতে আর্থিক সহায়তা দেয়া হবে। নির্দিষ্ট কমিউনিটির চাহিদা অনুযায়ী এ প্যাকেজে থাকবে পানি সরবরাহ, ড্রেনেজ, বিদ্যুৎ, পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনা।
- **Shelter Lending Support:** প্রকল্পের আওতায় বিভিন্ন ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী প্রতিষ্ঠান এবং এনজিও-এর মাধ্যমে আবাসনের জন্য দীর্ঘ-মেয়াদি অর্থায়নের ব্যবস্থা করা হবে, যাতে করে আশ্রয় কার্যক্রম পরিচালনার আর্থিক ঘাটতি পূরণ করা যায়।
- **Monitoring & Evaluation and Horizontal Learning:** এই প্রকল্পের আওতায় স্বাধীন মনিটরিং, লার্নিং এবং ইভ্যালুয়েশন-এর ক্ষেত্রে সহায়তা দেওয়া হবে। ধারাবাহিক এবং চলমান পরিবীক্ষণের মাধ্যমে প্রকল্পের ফলাফল যাচাই করা হবে এবং সুবিধাভোগীদের সাথে সুবিধাভোগী নন তাদের তুলনা করার জন্য প্রকল্প শেষে এর প্রভাব মূল্যায়ন করা হবে।
- **Project Management & Capacity Building:** প্রকল্পের আওতায় সক্ষমতা বাড়ানো, কারিগরি সহায়তা এবং প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এর মধ্যে কমিউনিটিসমূহের সাথে অধিকতর যোগাযোগের জন্য জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো, গৃহায়ণ এবং পরামর্শ সেবা প্রদান এবং সামাজিক সংগতির উন্নয়ন সাধন করা হবে।

৪। এ প্রকল্প বাস্তবায়নের জন্য আইডিএ অত্যন্ত নমনীয় শর্তে ৫০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করবে-যা ৬ বছরের প্রেস পিরিয়ডসহ ৩.৮ বছরে পরিশোধযোগ্য। উত্তোলিত অর্ধের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদেয় হবে।

Mr. Zahid Hossain
৩০/৬/১৪১৬
(মাহফুজ আকতার)
সিনিয়র সহকারী সচিব